

## Rather Mela – Goutam Bandhopadhyay

সাহিত্য সহজ - রথের মেলা - গৌতম বন্দ্যোপাধ্যায়

রথের মেলায় ঘুরতে থাকে অনেকগুলো তে-ছুট চোখ

অনেক অনেক হাত-পা, মাথা, মন এবং বুক;

অনেক গায়ের রেশমনদী মুচড়ে ওঠে দিকমোহনায়

ফলসারঙে রাত্রিমাঠে ঘনিয়ে আসে আষাঢ়মাস।

অনেক হাতে ঘুরতে থাকে কাচের চুড়ি, কাচের দেহ

আধঘুমস্ত বাচ্চা - কাঁধে খেলনা শোঁজে নারীপুরুষ।

খেলনা খুঁজতে ওরাও সব খেলনা হয়ে যায়

শুঁড়িপথ পাকশ্লীর চঞ্চুহে ঘুরতে থাকে মন।

জগন্নাথ নয় সবাই সুভদ্রাদের চায়...

জগন্নাথ ছাড়া সবাই কিছু-না কিছু খায়...

বিকোতে থাকে এগ্রোল আর চিরকালের জিলিপিভাজা

ঘুগ্নিওলা ছোট শিবুর বালকবেলা, কলমচারা

বৃষ্টিমাঠের ন্যাস্টি কাদায় সহনশীল বিরক্তিতে

পাতাবাহার কিনতে থাকে ছাতাবাহার গৃহস্থরা।

## Kamlalebu – Amalendhu Bhattacharya

সাহিত্য সহজ - কমলালেবু - অমলেন্দু ভট্টাচার্য

রাতে কখন কেঁদে ওঠে আমার শিয়ারে

একটি কাব্যগ্রন্থ

আমারই লেখা, অথচ আমার শিয়ারে রেখে গেছে অন্য কেউ...

আমি চোখ থেকে পিপাসার জল নামিয়ে আনি

চুমুক দিয়ে খাই, এমন উষও নদীর নাভিতাপ এর আগে

কখনো পাইনি)

এই নদী ভোসেই চলেছে, রক্তের পতন এরকম হবেও -বা...

কিছকগের জন্য থেমে গিয়েছিল শাঁখা ও সিঁদুর, রতিন্নান

পায়ে পায়ে ছিল সাপ - জন্মের অন্ধকার...

শিয়ারে কাব্যগ্রন্থটিকে কোলে তুলে নিয়ে আমি সারারাত

শুয়ে থাকলাম গুহাচিত্রের গৈরিক গভীরে-

অন্য কেউ আমাকে নিশ্চয় দেখেছে পদ্মনাভির আস্তরাল থেকে...

## Khide – Easha Ghosh

সাহিত্য সহজ - খিদে - এশা ঘোষ

স্ফৰীনতা বাঘ খায়,

বাঘকে কে খায় ?

এতকতি জমা হলে গুনে ওঠা দায়।

চেঁড়াখোড়া জমি সব

চেটেপুটে খায়।

ভরপেট খাওয়া হল, তবু খিদে পায়।

সূর্যরা গপাগপ রাতটাকে খায়।

তারাগুলো চুপচাপ ছিঁড়ে বারে যায়।

চুকটাক চিন্তারা শব্দকে খায়।

জমে ধূলো মিছিলের, বাঢ় কবে হয় ?

খাদ্যখাদক হয়ে জন্মেছে কবে-

খিদের রকমফের জানা নেই তবে ?